কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০৫২.০১১.০০.০০.০০৮.২০১০-৪৮

তারিখ ঃ ২১ জানুয়ারি ২০১৬।

বিষয় ঃ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদের বেতন স্কেল গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৪০/-) হতে গ্রেড-১০ (টাকা ১৬০০০-৩৮৬৪০/-) এ নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, বীজ প্রত্যয়ন এজেন্সী, তুলা উন্নয়ন বোর্ড এবং কৃষি তথ্য সার্ভিসে ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ সমমানের মোট মঞ্জুরীকৃত পদসংখ্যা ১৪৬৫৬ টি।

০২। বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ড ১৩ এপ্রিল ২০১১ তারিখে বাকাশিবো/ক/কৃ/২০০৬/১২৯২ সংখ্যক স্মারক মারফত "বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত ০৪ (চার) বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রম, ০৪ (চার) বছর মেয়াদী প্রকৌশল ডিপ্লোমা শিক্ষাক্রমের সমমানের বিজ্ঞপ্তি জারী করে (সংযুক্তি-১)।

০৩। জাতীয় বেতন কমিশন/২০০৮ এর প্রতিবেদনের ২২২ সংখ্যক পৃষ্ঠায় কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের প্রকৌশল ডিপ্লোমাধারী উপ-সহকারী প্রকৌশলীদের ন্যায় ২য় শ্রেণীর পদমর্যাদা ও ১০ম গ্রেড বেতনস্কেল প্রদানের সুপারিশ করা হয় (সংযুক্তি-২)।

০৪। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৮ ডিসেম্বর ২০১০ তারিখের ১২.০৭১.০২৭.০০.০০.০০৪.২০১০-৫১৭ সংখ্যক পত্র মারফত কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ সমমান পদধারীদের প্রকৌশল ডিপ্লোমাধারী উপ-সহকারী প্রকৌশলীদের ন্যায় ২য় শ্রেণীর পদমর্যাদা ও বেতন স্কেল (১০ম গ্রেড) প্রদানের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয় (সংযুক্তি-৩)।

০৫। পরবর্তীতে কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ২১ জুন ২০১২ তারিখের ৩২তম সভার ১৪(ঙ) সিদ্ধান্তের আলোকে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের বেতন স্কেল ১০ম গ্রেডভুক্তসহ ২য় শ্রেণীতে উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কৃষি মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান করা হয় (সংযুক্তি-৪)।

০৬। মাননীয় প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা মহোদয়ের ১৯ ডিসেম্বর ২০১২ তারিখের ০৩.০৩১.০৪৬.০০.০০.০২.২০১২-২০৭ সংখ্যক স্মারকমূলেও বিষয়টি "ন্যায্যতা ও সমতার নীতি অনুসরণ পূর্বক সিদ্ধান্তে উপনীত হওয়ার অবকাশ রয়েছে মর্মে প্রতিয়মান হয়" সেই পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করেন এবং এর অনুলিপি কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করেন (সংযুক্তি-৫)।

০৭। জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ০৬ ডিসেম্বর ২০১২ তারিখের ২৩তম সভায় কৃষি মন্ত্রণালয়ের অধীন কর্মরত সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ সমমান পদধারীদেরকে ২য় শ্রেণীর পদমর্যাদা সহ ১০ম গ্রেড এ বেতন স্কেল প্রদানের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে জোর সুপারিশ করা হয় (সংযুক্তি-৬)।

০৮। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলাদেশ সচিবালয়ের (ভিতরের ও বাহিরের) সরকারী কর্মচারী/কর্মকর্তাদের যাবতীয় দাবী-দাওয়া পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন/মতামত প্রদানের নিমিত্ত গঠিত স্থায়ী কমিটির ০১ ডিসেম্বর ২০১১ তারিখের সভায় কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানের পদধারীদের ১০ম গ্রেডে বেতনস্কেলসহ ২য় শ্রেনীর পদমর্যাদা প্রদানের সুপারিশ করা হয় (সংযুক্তি-৭)।

০৯। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের ১০ মার্চ ২০১৩ তারিখের ০৫.১৫৭.০১৫.০১.০৫. ০১৫.২০১০-৪৫ সংখ্যক স্মারক মূলে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তর/ অধিদপ্তরে কর্মরত কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ সমমান পদধারীদেরকে নিম্নবর্ণিত শর্তে ১১তম গ্রেডের পরিবর্তে ১০ম গ্রেডে বেতন স্কেল উন্নীতকরণে জনপ্রশাসন মন্ত্রণালয় অনাপত্তি জ্ঞাপন করা হয় (সংযুক্তি-৮)।

ক. বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে।

খ. বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ হতে বেতন স্কেল উন্নীত করণের সম্মতি গ্রহণ করতে হবে।

১০। মাননীয় প্রধানমন্ত্রী ২৩ অক্টোবর ২০১৩ তারিখে ফার্মগেট, ঢাকায় কেআইবি কমপ্লেক্সের উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ১০ম গ্রেডে বেতনস্কেলসহ ২য় শ্রেণীর পদমর্যাদা ঘোষণা করেন।

১১। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৪ অধিশাখার ২৯ অক্টোবর ২০১৩ তারিখের ০৭.১৫৪.০১৫.১২. ০১.০০৬.২০১২.৩২৫ সংখ্যক স্মারকমূলে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তর/অধিদপ্তরে কর্মরত কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ৩য় শ্রেণী হতে ২য় শ্রেণীর পদমর্যাদায় উন্নীতকরণে নিম্নবর্ণিত শর্তে সম্মতি জ্ঞাপন করেন (সংযুক্তি-৯) ঃ

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ মার্চ ২০১৩ তারিখের ৪৫ সংখ্যক পত্রে উল্লিখিত শর্তাবলী ঃ

১. বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে।

২. বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ হতে বেতন স্কেল উন্নীত করণের সম্মতি গ্রহণ করতে হবে।

১২। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৪ অধিশাখার ২৯ অক্টোবর ২০১৩ তারিখের ০৭. ১৫৪. ০১৫.১২.০১.০০৬.২০১২.৩২৫ সংখ্যক স্মারক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ মার্চ, ২০১৩ তারিখের ০৫.১৫৭.০১৫.০১.০৫.০১৫.২০১০-৪৫ স্মারকমূলে কৃষি মন্ত্রণালয়ের অধিনস্থ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কর্মরত কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদেরকে ২য় শ্রেণীর পদমর্যাদা প্রদানসহ ১১তম গ্রেডের (স্কেলঃ টাকা ৬৪০০-৪১৫x৭-৮৫৬০-ইবি-৪৫০x১১-১৪২৫৫) পরিবর্তে ১০ম গ্রেডে (স্কেলঃ টাকা ৮০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১-১৬৫৪০) বেতন স্কেল উন্নীতকরণে সম্মতি/অনাপত্তির শর্তানুসারে বর্ণিত বিষয়ে বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণের নিমিত্ত উক্ত কমিটিতে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কৃষি মন্ত্রণালয়ের ০৩ নভেম্বর ২০১৩ তারিখের ১২.০৫২.০১১.০০.০০.০০৮.২০১০-১৫২৪ সংখ্যক এবং ০৩ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ১২.০৫২.০১১.০০.০০.০০৮.২০১০-১৪৩০ সংখ্যক স্মারক মারফত অর্থ বিভাগকে অনুরোধ করা হয় (সংযুক্তি-১০)। অর্থ বিভাগের ২৮ অক্টোবর ২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬৪.১২.০৯৭.১৩-১০১ সংখ্যক পত্রে কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদের বেতন জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ৬৪০০-১৪২৫৫ (গ্রেড-১১) হতে টাকা ৮০০০-১৬৫৪০/- (গ্রেড-১০) নির্ধারণের বিষয়টি জাতীয় বেতন ও চাকরি কমিশন ২০১৩ এ প্রেরণ করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান করা হয় **(সংযুক্তি-১১)**। যার পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের ০২ নভেম্বর ২০১৪ তারিখের ১২.০৫২.০১১.০০.০০.০০৮.২০১০-১৫৪৪ সংখ্যক স্মারকে কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদের বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ৬৪০০-১৪২৫৫ (গ্রেড-১১) হতে টাকা ৮০০০-১৬৫৪০/-(গ্রেড-১০) নির্ধারণের বিষয়টি জাতীয় বেতন ও চাকরি কমিশন-২০১৩ বরাবর প্রেরণ করা হয় **(সংযুক্তি-১২)**। কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা প্রকৌশলীদের ন্যায় কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদের বেতন স্কেল নির্ধারণের স্পর্শকাতর বিষয়টি মূল্যায়ন বিবেচনা করতে পারে মর্মে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেতন ও চাকরি কমিশন-২০১৩ সুপারিশ ও পর্যালোচনা করে **(সংযুক্তি-১৩)**।

১৩। ইতোপূর্বে সকল ধাপ সম্পন্ন হওয়ার পরও বিষয়টি এখনও অনিস্পন্ন রয়ে গেছে। তাছাড়া গত ১৭ নভেম্বর ২০১৩ ও ০২ জুলাই ২০১৪ তারিখে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা আহবান করা সত্ত্বেও অনিবার্য কারণ বশতঃ **উভয় সভাই স্থগিত করা হয়**। ইতোমধ্যে অধিকাংশ কার্যাদি সম্পন্ন হওয়া এবং **মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা সত্ত্বেও এ বিষয়টি বাস্তবায়িত না হওয়ায়** ইউনিয়ন পর্যায়সহ অন্যান্য পর্যায়ে কর্মরত ১৪৬৫৬ (চৌদ্দ হাজার ছয়শত ছাপ্পান্ন) জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানের পদধারীদের মধ্যে কর্ম চাঞ্চল্যতার অভাব পরিলক্ষিত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।

১৪। এমতাবস্থায়, জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদের বেতন স্কেল গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৪০/-) হতে গ্রেড-১০ (টাকা ১৬০০০-৩৮৬৪০/-) এ নির্ধারণের বিষয়টি নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ২৮ (আটাশ) পাতা।

২১/১/১৬

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপসচিব
ফোন ঃ ৯৫৫৮৮৫৩
ই-মেইল ঃ sasexten1@moa.gov.bd

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

**অনুলিপি ঃ** সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৬। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেইট, ঢাকা-১২১৫

গ্রহণ